তারিখ 28 JAN 1992
পৃষ্ঠা ৮ কলাম ৬

196

আজকের কাগজ

# ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদলের বিপুল জয়

**কাগজ প্রতিবেদক :** গত রোববার ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত নেওয়াজ-আউয়াল-বিলাস পরিষদ নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। মোট ২১টি পদের মধ্যে জাতীয়তাবাদী ছাত্রদলের প্যানেল পেয়েছে ১৯টি পদ। বাকি দু'টো পদ পেয়েছে ছাত্রলীগ (আ-অ)। নির্বাচিত সহ-সভাপতি মীর নেওয়াজ আলী এবং সাধারণ সম্পাদক মোঃ আঃ আউয়াল খান। ছাত্রলীগ (আ-অ) মনোনীত শাহেদ-সংগ্রাম-অমি পরিষদ থেকে সহ-সাধারণ সম্পাদক ওয়াসিম সাঈদ অমি এবং নাট্য সম্পাদক মোঃ মনিরুজ্জামান মনির নির্বাচিত হয়েছেন।

এবার ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচনে মোট ৫টি প্যানেল প্রতিদ্বন্দ্বিতা করেছে। তবে মূল প্রতিদ্বন্দ্বিতা হয়েছে ছাত্রদল এবং ছাত্রলীগ (আ-অ) প্যানেলের মধ্যে। ঐ দু'টি সংগঠন ছাড়া প্যানেল দিয়েছিলো ছাত্র ইউনিয়ন, ছাত্রলীগ (না-শ) ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট। সকাল আটটা থেকে দুপুর দু'টো পর্যন্ত শান্তিপূর্ণভাবে ভোটগ্রহণ চলেছে। নির্বাচনে তিন হাজার ১৭৩ জন ভোটারের মধ্যে প্রায় আড়াই হাজার ভোটার ভোট দিয়েছে। গত রোববার গভীর রাতে নির্বাচনের ফলাফল ঘোষণা করা হয়েছে।